



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৩.০১১.২০.৭৭৫

তারিখ: ৮ আষাঢ়, ১৪৩০
২২ জুন ২০২৩

বিষয়: 'ইউজিসি পোস্ট ডক্টোরাল ফেলোশিপ প্রোগ্রাম ২০২৩'-এর জন্য দরখাস্ত আহ্বান।

জনাব

দেশে মানসম্পন্ন উচ্চশিক্ষা নিশ্চিতকরণ, বাস্তবসম্মত গবেষণার প্রসার ও উন্নত স্তরের গবেষণাকে উৎসাহিত করার নিমিত্ত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত 'ইউজিসি পোস্ট ডক্টোরাল ফেলোশিপ' প্রদানের লক্ষ্যে দেশের সকল পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয় (শুধুমাত্র স্থায়ী ক্যাম্পাস) এবং সরকারি কলেজের শিক্ষকগণের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এক বছরে সর্বাধিক ১০ (দশ) জনকে ফেলোশিপ প্রদানের সুযোগ আছে। ইউজিসি পোস্ট ডক্টোরাল ফেলোশিপ এর নীতিমালা, আবেদন ফরম, বিজ্ঞপ্তি ও তথ্য ছক এতদসঙ্গে প্রেরণ করা হলো। অনুগ্রহ করে আপনার প্রতিষ্ঠানের সকল অনুষদ, বিভাগ ও ইনস্টিটিউট এবং সরকারি কলেজসমূহে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও পোস্ট ডক্টোরাল ফেলোশিপ আবেদন ফরম, তথ্য ছক, বিজ্ঞপ্তি ও নীতিমালা কমিশনের ওয়েবসাইট www.ugc.gov.bd- এর স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্সে পাওয়া যাবে।

২। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগ্রহী প্রার্থী কর্তৃক নীতিমালা অনুসরণপূর্বক কমিশন প্রদত্ত আবেদন ফরম ও তথ্য ছক সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ সকল তথ্যাদির সফটকপি প্রদত্ত ইমেইলে director_research@ugc.gov.bd এবং স্পাইরাল বাইন্ডিংকৃত হার্ডকপি পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, ইউজিসি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর অবশ্যই আগামী ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- (১) আবেদন ফরম;
- (২) তথ্য ছক;
- (৩) বিজ্ঞপ্তি;
- (৪) নীতিমালা।

২২-০৬-২০২৩
মোঃ শাহীন সিরাজ
অতিরিক্ত পরিচালক
+৮৮-০২-৫৮১৬০২৪৫
shahin@ugc.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি সকল কলেজসমূহে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো);
- ২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়;